

Subject Bengali

2nd language

Worksheet

Class-3

কবিতা- বর্ষারানী।

কবি- মানকুমারী বসু।

কবি প্রসঙ্গে- মহিলা কবি মানকুমারী বসুর জন্ম ১৮৬৩ খ্রিস্টাব্দের ২৫শে জানুয়ারি। তিনি বাংলাদেশের যশোর জেলার সাগরদাঁড়ি গ্রামে জন্মগ্রহণ করেছিলেন। ছোটবেলা থেকে তিনি কবিতা লেখা শুরু করেন। বিখ্যাত কবি মাইকেল মধুসূদন দত্ত তাঁর কাকা। স্বামীর নাম বীভূশঙ্কর বসু। কবিতা রচনার মধ্যে দিয়ে মানকুমারী বসু কলকাতাবিশ্ববিদ্যালয় থেকে 'ভুবনমোহিনী পদক' ও 'জগত্তারিণী পদক' লাভ করেন।

১৯৪৩ খ্রিস্টাব্দে এই মহিলা কবির মৃত্যু হয়।

কবিতার সারসংক্ষেপ-

কবি মানকুমারী বসু বর্ষা রানী কবিতাটির মধ্যে বর্ষার অপরূপ সৌন্দর্য অর্থাৎ বর্ষাকালের বৃষ্টির সুন্দর রূপের বর্ণনা এই কবিতায় প্রকাশ করেছেন। বর্ষার এই অপরূপ

সৌন্দর্য কবি দুচোখ ভরে উপভোগ করেছেন। এই সময় আকাশে সূর্য চাঁদ কিছুই দেখা যায় না। আকাশ ঢাকা থাকে কালো মেঘে। সারাদিন কখনো জোরে কখনো আস্তে আস্তে বৃষ্টি পড়তে থাকে। বৃষ্টিতে গাছপালা রাস্তাঘাট সবকিছু ভিজ়ে থাকে।

গাছগুলি যেন নতুন প্রাণ ফিরে পায়। কবির মনে হয় যেন আকাশ থেকে তরল রজত ধারা অর্থাৎ তরল জলের মতো শক্ত পদার্থ নয় সেই তরল রূপালি রঙের বৃষ্টির ধারা ধারা পড়ছে। বৃষ্টির ফোটা গুলি দেখলে মনে হয় যেন রূপো গলে পড়ছে। চারদিক জলে ভাসে বৃষ্টির জন্য। সারাদিন কখনো জোরে কখনো আস্তে বৃষ্টি পড়তে থাকে। প্রকৃতিতে দেখা যায় চোখ জুড়ানো সবুজের মেলা। চারিদিকে সবুজ আর সবুজ কচি গাছ। মেঘের গর্জন শুনে শিখী অর্থাৎ ময়ূর পেখম মেলে নাচতে থাকে। ভেদ অর্থাৎ ব্যাঙেরা আনন্দে গান গাইতে থাকে তাদের আওয়াজে। কবির মনে হয়েছে সব ঋতুর মধ্যে একমাত্র বর্ষায় বুকেই আছে অনন্ত প্রেমের রাশি অর্থাৎ প্রচুর ভালোবাসা। তাই এই ঋতুই কবির সবচেয়ে প্রিয় ঋতু। বর্ষা রানী কবিতাটিতে কবি মানকুমারী বসু অপরূপ সুন্দর বর্ষা ঋতুর প্রাকৃতিক দৃশ্য বর্ণনা করেছেন ।

ক) কবিতার অর্থ বোঝার সুবিধার জন্য কবিতা থেকে শব্দার্থ গুলি দেওয়া হল।

অপরূপ -অপূর্ব। আননে- মুখমণ্ডলে। কদম হার- কদম ফুলের মালা।

বাহার- শোভা।

বিজলী -বিদ্যুৎ।

বসুধা -পৃথিবী।

রজত ধারা- রূপালী রঙের বৃষ্টির ধারা।

শিখী- ময়ূর।

ভেক- ব্যাং /ব্যাঙ।

চাঁদিমা- চাঁদের কিরণ অর্থাৎ জ্যোৎস্না।

উখলিছে- উথলে উঠছে।

পরানে- প্রাণ।

মরমে- মনে।

স্নেহের- ভালোবাসার।

নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) বর্ষা রানী কবিতাটির কবির নাম লেখ।

খ) রজত ধারা শব্দটির অর্থ কি?

গ) ভেক শব্দটির অর্থ কি?

২) বিপরীত শব্দ লেখ।

রাত -

আনন্দ-

আকাশ-

অনুশীলনী থেকে।

১) বিষয় ভিত্তিক প্রশ্নাবলী:

ক) সংক্ষিপ্ত প্রশ্নাবলী।

১) নং থেকে ২) ৩) ৪) ৫)

২) নৈর্ব্যক্তিক ও ব্যাকরণ ভিত্তিক প্রশ্নাবলী থেকে

ক), গ) নীচের শব্দগুলির গদ্যরূপ লেখ।

বসুধা-

আনন-

বাহার-

রজত-

শিখী-

বিজলী-

উথলিছে-

গরজন-

পরান-

মর্মে-

ঘ) নীচের শব্দগুলির পদ পরিবর্তন করো।

আয়োজন-

আকাশ-

ভরল-

গঙ্গা-

বাড়ির কাজ :

অনুশীলনী থেকে:

২)খ)নীচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা করো।

আয়োজন-

অপরূপ-

বাহার-

মরমে-

টুপ্ টুপ্-

ঙ) সঠিক উত্তরের পাশে(টিক)চিহ্ন দাও।

চ) নিচের শব্দগুলির লিঙ্গ পরিবর্তন করো।

রানী-

শিখী-

ছ) ফাঁকা জায়গায় কবিতা থেকে সঠিক শব্দ বসাত।
